# উপজেলা পরিষদ, বেলাবো, নরসিংদী এর মে/ ২০২৩ মাসের সাধারণ মাসিক সভার কার্যবিবরণী

সভার সভাপতি : জনাব মোহাম্মদ সমসের জামান ভূইয়া (রিটন)
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বেলাবো, নরসিংদী।
স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, বেলাবো, নরসিংদী
তারিখ : ২৮-০৫-২০২৩
সময় : ১১.৩০ ঘটিকা

উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট "ক"

সভাপতি কর্তৃক ঈদ পরবর্তী সভায় সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভা আরম্ভ করা হয়। অত:পর সভাপতি সভা পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা পরিষদের মুখ্য কর্মকর্তা জনাব আয়শা জান্নাত তাহেরা মহোদয়কে অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার প্রথমে গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। পাঠান্তে কোন প্রকার সংশোধনী না থাকায় গত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়।

<table>
<tr><th>ক্র: নং</th><th>দপ্তরের নাম</th><th>আলোচ্য বিষয়</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr>
<td>০১</td>
<td>উপজেলা স্বাস্থ্য বিভাগ</td>
<td>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, সেবা প্রদান কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। হাসপাতালে পূর্বের তুলনায় রোগীর সংখ্যা বৃদ্ধি পেয়েছে।<br>অন্তঃবিভাগ, জরুরীবিভাগ ও বর্হিবিভাগঃ
<table>
<tr><td colspan="3">আন্ত বিভাগ</td><td colspan="3">জরুরী বিভাগ</td><td>বহি:বিভাগ</td></tr>
<tr><td>পুরুষ</td><td>মহিলা</td><td>মোট</td><td>পুরুষ</td><td>মহিলা</td><td>মোট</td><td>মোট</td></tr>
<tr><td>২৮৪</td><td>৩৭১</td><td>৬৫৫</td><td>৭৯০</td><td>৮০২</td><td>১৫৯২</td><td>৩৬৬৪ জন</td></tr>
</table>
<table>
<tr><td>হাসপাতালে ভর্তিকৃত রোগী</td><td>নরমাল ডেলিভারী</td><td>রের্ফাড</td><td>কমিউনিটি ক্লিনিকে রোগীর সংখ্যা</td><td>ডায়রিয়া</td></tr>
<tr><td>৩৫</td><td>২৯</td><td>০৩</td><td>২৯১৩১ জন</td><td>৩৫৭ জন</td></tr>
</table>
</td>
<td>১। স্বাস্থ্যসেবা সংক্রান্ত কার্যক্রম যথাযথভাবে পরিচালনা সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বেলাবো, নরসিংদী।</td>
</tr>
<tr>
<td>০২</td>
<td>উপজেলা প্রকৌশল বিভাগ</td>
<td>১. উপজেলা প্রকৌশলী সভায় জানান, ২০২২-২০২৩ অর্থ বছরের এডিপি রাজস্ব উন্নয়ন প্রকল্পের কার্যাদেশ প্রদান করা হয়েছে। এডিপি থোক বরাদ্দের প্রকল্পের দরপত্র আহ্বান করা হয়েছে। দ্রুতই নির্বাচিত ঠিকাদারদের কার্যাদেশ প্রদান করা হবে। পিআইসি প্রকল্প সমূহ দ্রুত সম্পন্ন করার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করেন। তিনি বলেন উপজেলা পরিষদ কমপ্লেক্সের নতুন প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। অনুমোদিত হলে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে। বেলাবো বাজারে সিএনজি স্টেশন শাপলা চত্ত্বরে আরসিসি ঢালাই ও আমলাব ইউনিয়নের দুটি গুরুত্বপূর্ণ প্রকল্পের প্রাক্কলন প্রস্তুত করে সভায় উপস্থাপন করেন। প্রকল্প সমূহ ২০২৩-২০২৪ অর্থ বছরে বাস্তবায়নের প্রস্তাব করা হয়।
<table>
<tr><td>ক্র: নং</td><td>প্রকল্পের নাম</td><td>প্রক্কলিত মূল্য</td><td></td></tr>
<tr><td>০১</td><td>ধুকুন্দি -আমলাব বাজনাব রাস্তায় আমলাব চেয়ারম্যানের বাড়ীর পাশে রাস্তার ভাংগন রোধে</td><td>১,৭২,৭১৩/-</td><td>টেন্ডার</td></tr>
<tr><td>০২</td><td>ধুকুন্দি গেনেরটেক রাস্তায় বক্স কালভার্ট নির্মান</td><td>১,৯৬,২৫৩/-</td><td>টেন্ডার</td></tr>
<tr><td>০৩</td><td>বেলাবো বাজার সিএনজি স্টেশনে আরসিসি ঢালাই</td><td>২,০০,০০০/-</td><td>পিআইসি</td></tr>
</table>
</td>
<td>১। ২০২২-২৩ অর্থ বছরের এডিপি ও এডিপি রাজস্ব প্রকল্প সমূহ যথাযথভাবে বাস্তবায়নের তদারকির সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০২. উল্লেখিত প্রকল্প ০৩টি ২০২৩-২০২৪ অর্থ বছরের রাজস্ব উন্নয়ন তহবিল হতে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা প্রকৌশলী, বেলাব, নরসিংদী।</td>
</tr>
</table>

২০২২-২০২৩ অর্থ বছরে এডিপি রাজস্ব খাত হতে পাটুলী ইউনিয়নের চকমখোলা গ্রামে একটি বক্স কালভার্ট নির্মান প্রকল্প অনুমোদন করা হয়। বর্তমানে প্রকল্পটি বাস্তবায়ন করা সম্ভব না হওয়ায় প্রাক্কলিত মূল্য অপরিবর্তীত রেখে নিম্নোক্ত প্রকল্পটি গ্রহণ করার প্রস্তাব করেন।

| ক্র:নং | প্রকল্পের নাম | প্রাক্কলিত মূল্য | |
|---|---|---|---|
| ০১ | চর উজিলাব গ্রামের মুর্শিদ মিয়ার বাড়ী হতে রহিমা মেম্বারের বাড়ী পর্যন্ত ইটের সলিং | ২,০০,০০০/- | টেন্ডার |

উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, মার্চ/২৩ মাসে অনুমোদিত ০২(দুই) টি প্রকল্পের প্রাক্কলিত মূল্য দুই লক্ষ টাকার উর্দ্ধে হওয়ায় প্রকল্প দুটির প্রাক্কলন পরিবর্তন করে সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করেন।

| ক্র: নং | প্রকল্পের নাম | পূর্বের প্রাক্কলিত মূল্য | বর্তমান প্রস্তাবিত প্রাক্কলিত মূল্য |
|---|---|---|---|
| ০১ | উপাজেলা পরিষদের উন্নয়ন কার্যক্রম তত্ত্বাবধানের জন্য আনুসাংগিক ব্যয় ০.৫% | ১,২০,০০০/- | ১,৬০,০০০/- |
| ০২ | উপজেলা জরিপ ও উন্নয়ন কার্যক্রম তদারকি ব্যয় ১% | ২,৪০,০০০/- | ২,০০,০০০/- |

৩. ২০২২-২০২৩ অর্থ বছরে এডিপি রাজস্ব খাত হতে "চর উজিলাব গ্রামের মুর্শিদ মিয়ার বাড়ী হতে রহিমা মেম্বারের বাড়ী পর্যন্ত ইটের সলিং'প্রকল্পটি বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।

৪. প্রাক্কলিত মূল্য পরিবর্তন করে প্রকল্পটি বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।

---

০৩ — উপজেলা কৃষি বিভাগ

১। উপজেলা কৃষি কর্মকর্তার প্রতিনিধি মে/২০২৩ মাসের মাসিক সভায় জানান যে, উপজেলা কৃষি অফিসের মাধ্যমে ভর্তুকি মূল্যে কৃষি যন্ত্রপাতি (কম্বাইনহার্ভেষ্ট) মেশিন সরবরাহ করা হবে আগ্রহী ব্যক্তিগনের তালিকা প্রদানের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যাগনকে অনুরোধ করেন।
এ বিভাগের আলোচনায় উপজেলা নির্বাহী অফিসার বলেন অনাবাদি জমি চাষে মাঠ কর্মকর্তা সহ সকল দপ্তর প্রধানগনকে কঠোরভাবে ভূমিকা পালনের অনুরোধ করেন। এছাড়া স্ব স্ব দপ্তরের উন্নয়ন কর্মের স্থিরচিত্র/বিডিও ধারনের অনুরোধ করেন।

**২। সার সরবরাহ পরিস্থিতি:**

| সারের নাম | বরাদ্দ (মে.টন) | উত্তোলন (মে.টন) | স্থিতি (মে.টন) |
|---|---|---|---|
| ইউরিয়া | ৬৮ | ৬৯ | ৫৪ |
| টিএসপি | ১৩ | ৩.৪০ | ১৩ |
| ডিএমপি | ১৯ | ১৮.৮০ | ৩১ |
| এমওপি | ০৯ | ৯.৮০ | ১১ |

২। রাজস্ব খাতসহ বিভিন্ন প্রকল্পের আওতায় খরিপ-১/২০২২-২৩ মৌসুমে চলমান মোট প্রদর্শনীর সংখ্যা - ১২৩ টি।
৩। বিভিন্ন প্রকল্পের আওতায় খরিপ-১/২০২২-২৩ মৌসুমে ১৯০ জন কৃষক/কৃষাণীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।
৫. অনাবাদি পতিত জমি চাষাবাদের আওতায় আনার পরিকল্পনা গ্রহন করা হয়েছে। আনাবাদি পতিত জমিতে ২৪৭ টি পুষ্টি বাগান প্রদর্শনী প্রদান করা হয়েছে। প্রদর্শনীর সার্বিক অবস্থা ভালো।
৬। দেওয়ানের চর ব্লকের বারৈচা এবং নারায়ণপুর ইউনিয়নের ভাটেরচর গ্রামে নিরাপদ ফসল উৎপাদন করা হচ্ছে। চলতি মার্চ মাসে ৬৫০০ কেজি সবজি এবং লেবু বিদেশে রপ্তানি হয়েছে।
৭। আশ্রায়ন প্রকল্পের উপকারভোগী ৬০ জন কৃষক/কৃষানীকে সবজি বীজ দেওয়া হয়েছে। ০২ টি পুষ্টি বাগান প্রদর্শনী প্রদান করা হয়েছে।
৮। অনাবাদি পতিত জমিতে চাষাবাদের জন্য উপজেলা পরিষদের অর্থায়ানে ১৬০০ জন কৃষক/কৃষানীকে সবজি বীজ দেওয়া হয়েছে।
৯। পারিবারিক চাহিদা মিটানোর জন্য বস্তায় আদা চাষ করার জন্য উদ্বুদ্ধ করা হচ্ছে।

সিদ্ধান্ত: ১। সারের ন্যায্য মূল্য নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: উপজেলা কৃষি কর্মকর্তা, বেলাবো, নরসিংদী।

<table>
<tr>
<td>০৪</td>
<td>উপজেলা প্রাণিসম্পদ বিভাগ</td>
<td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা মে/২০২৩ মাসের সভায় জানান যে, কার্যপত্র উপস্থাপন করেন-
<table>
<tr><th>ক্র:নং</th><th>বিবরণ</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>০১</td><td>বেলাবো উপজেলার প্রতি ইউনিয়নে ফ্রি মেডিক্যাল ক্যাম্প পরিচালনার কার্যক্রম চলমান রয়েছে। এ প্রকল্পে আশ্রয়ন প্রকল্পকে অন্তর্ভুক্ত করা হয়েছে।</td><td></td></tr>
<tr><td>০২</td><td>১৫৫৬ ডোজ গবাদি পশু টিকা প্রদান করা হয়েছে।</td><td></td></tr>
<tr><td>০৩</td><td>০৬ টি উঠান বৈঠকের মাধ্যমে ৭৮ জনকে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।০</td><td></td></tr>
<tr><td>০৪</td><td>৭৭৫ টি গাভীকে কৃত্রিম প্রজনন করা হয়েছে।</td><td></td></tr>
<tr><td>০৫</td><td>হাসপাতালের বর্হি বিভাগ থেকে ৯২৮ টি গবাদি পশু ও ৩২২৭০ টি হাঁস-মুরগিকে চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে।</td><td></td></tr>
</table></td>
<td>১। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ কর্তৃক খামারীগনের নামের তালিকা দ্রুত প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বেলাবো, নরসিংদী</td>
</tr>
<tr>
<td>০৫</td>
<td>উপজেলা মৎস্য বিভাগ</td>
<td>উপজেলা মৎস্য কর্মকর্তা মে/২০২৩ মাসের সভায় তার বিভাগের কার্যক্রম উপস্থাপন করেন-
<table>
<tr><th>ক্র:নং</th><th>বিবরণ</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>০১</td><td>বেলাবো উপজেলার মৎস্য অভয়াশ্রম সমূহ সংস্কার ও মেরামত করা হয়েছে। মেরামত পরবর্তী সময়ে পোন অভমুক্ত করা হবে।</td><td></td></tr>
<tr><td>০২</td><td>বিন্নাবাইদ ইউনিয়নের বড়দোয়া বিলে, নারায়নপুর বড় বিল এবং সল্লাবাদ ইউনিয়নের ইব্রাহিমপুর বড়বিলে বিল নার্সারি স্থাপন কাজ চলমান। বেলাবো ইউনিয়নের টেকপাড়াতে এবং আমলাব ইউনিয়নের আমলাবতে ০২টি প্রদর্শনী স্থাপন কর়া হচ্ছে।</td><td></td></tr>
</table></td>
<td>বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা মৎস্য কর্মকর্তা, বেলাবো, নরসিংদী</td>
</tr>
<tr>
<td>০৬</td>
<td>উপজেলা শিক্ষা অফিস</td>
<td>উপজেলা শিক্ষা অফিসার মে/২০২৩ মাসের কার্যপত্র নিম্নরূপ:-
<ul>
<li>বেলাবো উপজেলার প্রাথমিক বিদ্যালয়ের প্রথম সাময়িক পরীক্ষা সম্পন্ন হয়েছে।</li>
<li>উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, অনাবাদি জমি চাষাবাদের আওতায় নিয়ে আসার জন্য বেলাবো উপাজেলার সকল প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক ও ছাত্র/ছাত্রীদের নির্দেশনা প্রদান করা হয়েছে।</li>
<li>বিদ্যালয়ে পাঠদান কার্যক্রম পরিচালনা করা হচ্ছে।</li>
</ul></td>
<td>বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা শিক্ষা অফিসার, বেলাবো, নরসিংদী।</td>
</tr>
<tr>
<td>০৭</td>
<td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ</td>
<td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বেলাব মে /২০২৩ মাসের সভায় বিভাগীয় কার্যক্রম উপস্থাপন করেন-
<table>
<tr><th>ক্র:</th><th>বিবরণ</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>০১</td><td>২৫.০৫.২০২৩খ্রি: তারিখ পর্যন্ত কাবিখা প্রকল্পের বিল উত্তোলনের নির্দেশনা ছিল। অদ্যবদি পর্যন্ত অনেকেই কাজ সম্পন্ন করেননি। পরবর্তীতে সময় বর্ধন না করা পর্যন্ত বিল প্রদান করা যাবে না।</td><td></td></tr>
<tr><td>০২</td><td>২০২২-২০২৩ অর্থ বছরের H.B.B প্রকল্পের কাজ চলমান রয়েছে।</td><td></td></tr>
</table></td>
<td>বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বেলাব, নরসিংদী।</td>
</tr>
<tr>
<td>০৮</td>
<td>উপজেলা সমাজসেবা বিভাগ</td>
<td>উপজেলা সহকারী সমাজসেবা কর্মকর্তা মে/২৩ মাসের সভায় বিভাগীয় কার্যপত্র উপস্থাপন করেন-<br><br>উপজেলা সহকারী সমাজসেবা কর্মকর্তা জানান যে, সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় বয়স্ক ভাতা, বিধবা ভাতা ও প্রতিবন্ধী ভাতা প্রাপ্ত উপকারভোগীদের ভাতা প্রদান কার্যক্রম চলমান রয়েছে।<br><br>দাপ্তরিক অন্যান্য কার্যক্রম যথারীতি চলমান আছে।</td>
<td>১। সকল ইউনিয়নে ভাতা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা সমাজসেবা অফিসার, বেলাব, নরসিংদী।</td>
</tr>
</table>

<table>
<tr>
<td>০৯</td>
<td>উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ</td>
<td>
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের আলোচনায় মে/২০২৩ মাসের সভায় কর্মকর্তা নিম্নরূপ কার্যক্রম উপস্থাপন করেন-
<table>
<tr><th>ক্র:নং</th><th>বিবরণ</th><th>মন্ত</th></tr>
<tr><td>০১.</td><td>সারা দেশের ন্যায় বেলাবো উপজেলাতে এসএসসি ও সমমানের পরীক্ষা সকলের সহযোগীতায় সুষ্ঠুভাবে সম্পন্ন হওয়ায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান।</td><td></td></tr>
<tr><td>০২.</td><td>বেলাবো উপজেলায় মাধ্যমিক বিদ্যালয়ে পাঠদান কার্যক্রম পরিচালিত হচ্ছে।</td><td></td></tr>
<tr><td>০৩.</td><td>বিদ্যালয় পরিদর্শন কার্যক্রম চলমান।</td><td></td></tr>
</table>
</td>
<td>বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বেলাব, নরসিংদী।</td>
</tr>
<tr>
<td>১০</td>
<td>উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ</td>
<td>
উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা মে/২০২৩ মাসের সভায় জানান যে, গ্রাম ও ইউনিয়ন পর্যায়ে কমিউনিটি ক্লিনিক ও ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র রয়েছে। কমিউনিটি ক্লিনিকের সভাপতি সংশ্লিষ্ট ইউপি. সদস্য এবং ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্ররে সভাপতি সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান। সভাপতি সহ জনপ্রতিনিধিগনকে উক্ত প্রতিষ্টান সমূহ নিয়মিত পরিদর্শন করলে সেবার মান বৃদ্ধি পাবে মর্মে জানান।<br><br>
তিনি আরো বলেন নারায়নপুর ও সল্লাবাদ ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রটি সরকারী খাস জমিতে অবস্থিত। উক্ত প্রতিষ্ঠানের কাছে জমির কোন কাগজপত্র নেই। বিষয়টি সমাধানের জন্য তিনি উপজেলা পরিষদের সভায় উপস্থাপন করেন।
<table>
<tr><th>ক্র:নং</th><th>বিষয়</th><th>বাস্তবায়ন</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>০১</td><td>খাবার বড়ি বিতরণ</td><td>৯১৫৯ চক্র</td><td></td></tr>
<tr><td>০২</td><td>ইনজেকশন</td><td>৯৪২ ভায়াল</td><td></td></tr>
<tr><td>০৩</td><td>ইমপ্লান্ট</td><td>০ জন</td><td></td></tr>
<tr><td>০৪</td><td>স্থায়ী পদ্ধতি</td><td>০২ জন</td><td></td></tr>
<tr><td>০৫</td><td>এফডব্লিউসিতে স্বাভাবিক প্রসব</td><td>০৮ টি</td><td></td></tr>
<tr><td>০৬</td><td>স্যাটেলাইট ক্লিনিক অনুষ্ঠিত</td><td>২৯ টি</td><td></td></tr>
<tr><td>০৭</td><td>কনডম</td><td>৯৪০০ টি</td><td></td></tr>
<tr><td>০৮</td><td>আইইউডি</td><td>০৯ জন</td><td></td></tr>
<tr><td>০৯</td><td>মোট সক্ষম দম্পতি</td><td>৪১৬৭৫ জন</td><td></td></tr>
<tr><td>১০</td><td>সর্বমোট সেবা গ্রহণকারী</td><td>৩১১৫৫ জন</td><td></td></tr>
<tr><td>১১</td><td>গর্ভবতী</td><td>১৫৯৩ জন</td><td></td></tr>
<tr><td>১২</td><td>পদ্ধতি গ্রহণের হার</td><td>৭৪.৭৬%</td><td></td></tr>
</table>
</td>
<td>স্বাস্থ্যবিধি অনুসরণ পূর্বক বিভাগীয় কার্যক্রম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বেলাব, নরসিংদী।</td>
</tr>
<tr>
<td>১১.</td>
<td>উপজেলা খাদ্য বিভাগ</td>
<td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক মে/২৩ মাসের সভায় জানান যে, খাদ্যবান্ধব কার্যক্রম চলমান। বেলাবো খাদ্য গুদামে ৬৯৮মে.টন চাল, ৩৬ মে.টন গম৩.০০ মে.টন ধান মজুদ রয়েছে। বর্তমানে অভ্যন্তরীণ বোরো সংগ্রহ ২০২৩ এর আওতায় সংগ্রহ অভিযান অব্যাহত রয়েছে। খাদ্যবান্ধব কর্মসূচির ৩য় পর্যায়ে ডাটাবেজে বাদ পড়া ভোক্তাদের নামের তালিকা প্রাপ্তির জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যাদের পত্র প্রেরণ করা হয়েছে। দ্রুত তালিকা প্রদানের জন্য অনুরোধ করেন।</td>
<td>১। যেসব উপকারভোগীর নাম কর্তন হয় তাদের নামের তালিকা এবং কর্তনের কারন উল্লেখ করে প্রদর্শনের সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বেলাব, নরসিংদী।</td>
</tr>
</table>

<table>
<tr>
<td>১২.</td>
<td>উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ</td>
<td>জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের উপ-সহকারী প্রকৌশলী মে/২০২৩ মাসের সভায় জানান যে, বেলাবো উপজেলায় গভীর ও অগভীর নলকূপ স্থাপনের কাজ চলমান রয়েছে।
<table>
<tr><th>ক্র:নং</th><th>বিষয়</th><th>বাস্তবায়ন</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>০১.</td><td>গভীর ও অগভীর নলকূপ বরাদ্দ ২০২২-২০২৩অর্থ বছর</td><td>২০৮টি</td><td>তালিকা প্রদানের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন।</td></tr>
<tr><td>০২.</td><td>বেলাব উপজেলায় আর্সেনিক সনাক্তকরণ কার্যক্রম</td><td>০৮ টি ইউনিয়ন</td><td>অগ্রগতি ৯০%</td></tr>
<tr><td>০৩.</td><td>গভীর ও অগভীর নলকূপ স্থাপন</td><td>২০৮টি</td><td>কার্যক্রম চলমান</td></tr>
<tr><td>০৪.</td><td>কমিউনিটি ভিত্তিক পানি সরবরাহ প্রকল্প</td><td>১৮ টি</td><td>তালিকা প্রদানের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন।</td></tr>
</table>
</td>
<td>১. গভীর ও অগভীর নলকূপ স্থাপন কার্যক্রম যথযথভাবে মনিটরিং করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপ সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ, বেলাব, নরসিংদী।</td>
</tr>
<tr>
<td>১৩</td>
<td>উপজেলা মহিলা বিষয়ক বিভাগ</td>
<td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা মে/২৩ মাসের সভায় তার দপ্তরের সেবা কার্যক্রম উপস্থাপন করেন-
<table>
<tr><th>ক্র</th><th>বিবরণ</th><th>উপকারভোগী</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>০১.</td><td>মা ও শিশু সহায়তা তহবিল</td><td colspan="2">মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় মে/২৩ মাস পর্যন্ত উপকারভোগী নির্বাচন করা হয়েছে। ২২-২৩ বছরে প্রতি মাসে ৭২ জন করে ০৮ টি ইউনিয়নে মোট ৭৯২ জন উপকারভোগী নির্বাচন করা হয়েছে।</td></tr>
<tr><td>০২.</td><td>ভিডব্লিউবি</td><td colspan="2">ভিডব্লিউবি ২৩-২৪ কার্যক্রমের আওতায় মে/২৩ পর্যন্ত খাদ্যশস্য বিতরণ করা হয়েছে। ভাতাভোগীরা একাউন্টে প্রতি মাসে ২২০/- টাকা জমা রাখছে।</td></tr>
<tr><td>০৩.</td><td>কিশোর-কিশোরী ক্লাব</td><td colspan="2">শুক্র ও শনিবার ক্লাবের কার্যক্রম চলমান রয়েছে।</td></tr>
<tr><td>০৪.</td><td>আত্মকর্মসংস্থান ক্ষুদ্রঋণ কার্যক্রম</td><td colspan="2">ব্যাংক স্থিতি ৩,৩৯,৫০১/-। আদায়ের হার ৮১%।</td></tr>
<tr><td>০৫</td><td>বাল্য বিবাহ প্রতিরোধে বৈঠক</td><td colspan="2">যৌতুক,বাল্য বিবাহ, নারী নির্যাতন ও ইভটিজিং, মাদক প্রতিরোধে উঠান বৈঠক চলমান রয়েছে।</td></tr>
<tr><td>০৬</td><td>(WTC)</td><td colspan="2">প্রশিক্ষনের মেয়াদ জুন/২৩ মাসে শেষ হয়ে যাবে। তাই নতুন করে কোন প্রশিক্ষনার্থী বাছাই করা হচ্ছে না।</td></tr>
<tr><td>০৭</td><td>IGA</td><td colspan="2">আইজিএ প্রকল্পের মেয়াদ আগামী জুন/২৩ মাসে শেষ হবে। তাই নতুন করে প্রশিক্ষনার্থী বাছাই সম্ভব হচ্ছে না।</td></tr>
</table>
</td>
<td>ভাতা সংক্রান্ত কার্যক্রম স্বাস্থ্যবিধি অনুসরণ পূর্বক পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বেলাব, নরসিংদী</td>
</tr>
<tr>
<td>১৪</td>
<td>উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ</td>
<td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা মে/২৩ মাসের সভায় বিভাগীয় কার্যক্রম উপস্থাপন করেন-
<table>
<tr><th>ক্র:</th><th>খাত ভিত্তিক কার্যক্রম</th><th>মাসে</th><th>বছরে</th><th>মাসে</th><th>বছরে ব্যয়</th></tr>
<tr><td>০১</td><td>শেয়ার আদায়</td><td>০.০</td><td>১.৫৪</td><td>-</td><td>-</td></tr>
<tr><td>০২</td><td>সঞ্চয় আদায়</td><td>০.০</td><td>১.৪৫</td><td>-</td><td>-</td></tr>
<tr><td>০৩</td><td>বিতরণ</td><td>০.০</td><td>৪১.৫০</td><td>-</td><td>-</td></tr>
<tr><td>০৪</td><td>আদায়</td><td>১.৪</td><td>৩৫.২৫</td><td>-</td><td>-</td></tr>
<tr><td>০৫</td><td>ইউনিয়ন সমন্বয় কমিটির মিটিং</td><td>০২</td><td>১২টি</td><td>০.০১</td><td>০.৮৬</td></tr>
<tr><td>০৬</td><td>গ্রাম কমিটির মিটিং</td><td>০৬</td><td>৫৩ টি</td><td>-</td><td>-</td></tr>
<tr><td>০৭</td><td>অপ্রদান শস্যের প্রদর্শনী</td><td>০ টি</td><td>০.৩৬ টি</td><td>০.০০</td><td>০.৭২</td></tr>
</table>
</td>
<td>স্বাস্থ্যবিধি অনুসরণ পূর্বক বিভাগীয় কার্যক্রম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বেলাব, নরসিংদী।</td>
</tr>
</table>

<table>
<tr>
<td>১৫</td>
<td>উপজেলা যুব উন্নয়ন বিভাগ</td>
<td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা মে/২০২৩ মাসের সভায় বিভাগীয় কার্যপত্র উপস্থাপন করেন
<table>
<tr><th>ক্র:নং</th><th>বিবরণ</th><th>টাকার পরিমাণ</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>০১</td><td>মোট যুবঋণ তহবিল</td><td>২৩,১৮,৮০০/-</td><td></td></tr>
<tr><td>০২</td><td>আদায়যোগ্য (আসল)</td><td>২,৯৯,৩০০/-</td><td></td></tr>
<tr><td>০৩</td><td>আদায়কৃত (আসল)</td><td>২,৫৯,৪০০/-</td><td></td></tr>
<tr><td>০৪</td><td>আদায়যোগ্য ক্রমপুঞ্জিত</td><td>২,৯৩,৯৮,৭৪০/-</td><td></td></tr>
<tr><td>০৫</td><td>কিস্তি খেলাপী আদায়</td><td>৪,৮১,২৪৬/-</td><td></td></tr>
<tr><td>০৬</td><td>আদায় হার</td><td>৯৪%</td><td></td></tr>
<tr><td>০৭</td><td>নেটওয়ার্কিং প্রকল্পের আওতায় যুব</td><td>০২ টি</td><td></td></tr>
<tr><td>০৮</td><td>তালিকাভুক্ত যুব সংগঠন</td><td>১৬ টি</td><td></td></tr>
</table>
</td>
<td>০১। ঋণ বিতরণ কার্যক্রম যথাযথভাবে পরিচালনা করার সিদ্ধান্ত গৃহিত হয়।</td>
<td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বেলাব, নরসিংদী।</td>
</tr>
<tr>
<td>১৬</td>
<td>উপজেলা সমবায় বিভাগ</td>
<td>উপজেলা সমবায় কর্মকর্তা মে/২০২৩ মাসের সভায় তার বিভাগের কার্যক্রম উপস্থাপন করেন-
<table>
<tr><th>ক্র:</th><th>বিষয়</th><th>সংখ্যা</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>০১.</td><td>নিবন্ধিত প্রাথমিক সমবায় সমিতি</td><td>৫৭ টি</td><td rowspan="6">আশ্রয়ন প্রকল্পের ০৫ টি সমিতির নিবন্ধন প্রক্রিয়া চলমান।<br><br>মোট নিবন্ধিত সমিতি-১৪৩ টি</td></tr>
<tr><td>০২.</td><td>নিবন্ধিত কৃষি সমবায় সমিতি</td><td>৬৫ টি</td></tr>
<tr><td>০৩.</td><td>নিবন্ধিত মৎস্য সমবায় সমিতি</td><td>১৫ টি</td></tr>
<tr><td>০৪.</td><td>নিবন্ধিত প্রাণিসম্পদ সমিতি</td><td>০৯ টি</td></tr>
<tr><td>০৫</td><td>নিবন্ধিত অডিট সম্পাদন</td><td>৪১ টি</td></tr>
<tr><td>০৬</td><td>অডিট ফি আদায় ও ভ্যাট আদায়</td><td>২৯৬৩০/ ৪৪৪৫/-</td></tr>
</table>
• প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য :
<table>
<tr><th>ক্র:নং</th><th>প্রশিক্ষনের বিষয়</th><th>সদস্য</th><th>আদায়</th></tr>
<tr><td>০১.</td><td>প্রাতিষ্ঠানিক সমিতি ব্যবস্থাপনা</td><td>০৪ জন</td><td>আঞ্চলি সমবায় ইনস্টিটিউট</td></tr>
<tr><td>০২.</td><td>ইলেকট্রিকেল এন্ড হাউজ ওয়ারিং</td><td>০৫ জন</td><td rowspan="3">বাংলাদেশ সমবায় একাডেমী, কোটবাড়ী, কুমিল্লা।</td></tr>
<tr><td>০৩.</td><td>ব্লক বাটিক ,কম্পিউটার, হিসাব নিরীক্ষা, মোবাইল সার্ভিসিং</td><td>২৮ জন</td></tr>
<tr><td>০৪.</td><td>কৃষি, মৎস্য, প্রাণিসম্পদ বিষয়ক ভ্রাম্যমান প্রশিক্ষণ</td><td>১৫০ জন</td></tr>
<tr><td>০৫.</td><td>ইলেকট্রিকেল এন্ড হাউজ ওয়ারিং (রাজস্ব)</td><td>০২ জন</td><td>আঞ্চলি সমবায় ইনস্টিটিউট</td></tr>
<tr><td>০৬.</td><td>বিনিয়োগকৃত তহবিল</td><td>৩৭৫.৭৮ লক্ষ</td><td>আদায়- ৩০৪.০৯ লক্ষ</td></tr>
</table>
</td>
<td>১। সমিতি পরিদর্শন ও প্রশিক্ষণ সংক্রান্ত কার্যক্রম যথাযথভাবে পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা সমবায় কর্মকর্তা, বেলাব, নরসিংদী।</td>
</tr>
<tr>
<td>১৭.</td>
<td>উপজেলা বন বিভাগ</td>
<td>উপজেলা বন কর্মকর্তা মে/২৩ মাসের সভায় জানান যে, উপজেলা বন বিভাগের চারা বিক্রয় ও বিতরণ কার্যক্রম চলমান আছে। বিভাগীয় দাপ্তরিক কার্যক্রম যথাযথভাবে চলছে।</td>
<td>বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা বন কর্মকর্তা, বেলাব, নরসিংদী।</td>
</tr>
</table>

<table>
<tr>
<td>১৮</td>
<td>পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন</td>
<td>পল্লী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা মে/২০২৩ মাসের সভায় বিভাগের আলোচনা উপস্থাপন করেন।
<table>
<tr><th>ক্র:নং</th><th>বিষয়</th><th>সংখ্যা</th><th>সদস্য</th><th>ঋণ বিতরণ</th><th>ঋণী সদস্য</th><th>আদায় হার</th></tr>
<tr><td>০১</td><td>সমিতি</td><td>৫৪ জন</td><td>১৭২৩ জন</td><td>৬৩.০৫</td><td>১১৯৫ জন</td><td>৯৬%</td></tr>
<tr><td>০২</td><td>ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ</td><td></td><td>৫৬ জন</td><td>১৮.২০</td><td>৫৬ জন</td><td>১০০%</td></tr>
<tr><td>০৩</td><td>নারী উদ্যোক্তা ঋণ</td><td></td><td>৫৬ জন</td><td>লক্ষ ১৫.৫০</td><td>৫৬ জন</td><td>১৯%</td></tr>
<tr><td>০৪</td><td>কোভিড-১৯ প্রনোদনা ঋণ</td><td>-</td><td>২২ জন</td><td>লক্ষ ৭০.৫০ লক্ষ</td><td>২২ জন</td><td>১০০%</td></tr>
</table>
</td>
<td>১। ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম যথাযথভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, বেলাব, নরসিংদী।</td>
</tr>
<tr>
<td>১৯</td>
<td>পল্লী সঞ্চয় ব্যাংক, বেলাবো শাখা</td>
<td>শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বেলাবো শাখা মে/২৩ মাসের নিম্নোক্ত কার্যক্রম তুলে ধরেন:
<table>
<tr><th>ক্র:নং</th><th>বিবরণ</th><th>ঋণ বিতরণ</th><th>ঋণ আদায়</th><th>সঞ্চয় আদায়</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>০১.</td><td>সাধারণ ঋণ</td><td>২৯,৫০,০০০/-</td><td>২৬,১৬,৬৫৫/-</td><td>৯৮,৯০০/</td><td></td></tr>
<tr><td>০২.</td><td>কর্মসৃজন ঋণ</td><td>-</td><td>২,১০,৭৪৫/-</td><td>-</td><td></td></tr>
<tr><td>০৩.</td><td>SMEঋণ</td><td>২৫,০০,০০০/-</td><td>২৯,৫০,০০০/-</td><td></td><td></td></tr>
<tr><td>০৪.</td><td>SME-2 ঋণ</td><td>-</td><td>৩,৬২,৫৭২/-</td><td></td><td></td></tr>
<tr><td>০৫</td><td>PSB ঋণ</td><td>৭,৭৭,০০০/-</td><td>১১,২১,০৭৩/-</td><td></td><td></td></tr>
<tr><td></td><td></td><td>৬২,২৭,০০০/-</td><td>৭২,৬১,০৪৫/-</td><td>৯৮,৯০০/</td><td></td></tr>
</table>
</td>
<td>১। আশ্রয়ন প্রকল্পের পুনর্বাসিত পরিবারকে ঋণ প্রদানের কার্যক্রম অব্যহত রয়েছে।</td>
<td>শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বেলাবো শাখা</td>
</tr>
<tr>
<td>২০</td>
<td>উপজেলা তথ্যকেন্দ্র</td>
<td>উপজেলা তথ্য সেবা কর্মকর্তা মে/২৩ মাসের সভায় জানান, ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষেতথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্প এর তথ্যকেন্দ্র বেলাবো এর মে/২৩ মাসের ডোর টু ডোর ৬০০ জন, তথ্যকেন্দ্র ১০০ জন সহ সর্বমোট ৭০০ জনকে প্রাথমিক স্বাস্থ্যসেবা, বিভিন্ন অনলাইন আবেদন সহ অন্যান্য সেবা প্রদান করা হয়েছে। মে ও জুন/২৩ মাস হতে প্রতি মাসে ০৩টি করে উঠান বৈঠক করার নির্দেশনা রয়েছে। উঠান বৈঠকের পাশাপাশি সেবাগ্রহীদের জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত বিষয়ে সচেতনতা বৃদ্ধি করা হচ্ছে।</td>
<td>বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>তথ্য সেবা কর্মকর্তা, বেলাবো, নরসিংদী।</td>
</tr>
<tr>
<td>২১</td>
<td>বিবিধ</td>
<td>১। উপজেলা পরিষদের জীপ গাড়ী নং নরসিংদী ঘ-১১-০০14 এর হতে মে/ ২০২৩ মাসের জ্বালানী বিল বাবদ ৯৪৭০/- ( নয় হাজার চারশত সত্তর) টাকা মাত্র উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের লক্ষ্যে অনুমোদনের জন্য বিলটি সভায় উপস্থাপন করা হয়।<br><br>২। উপজেলা পরিষদের জীপ গাড়ী নং নরসিংদী ঘ-১১-০০14 এর যান্ত্রিক সমস্যা থাকায় বিআরটিএ, নরসিংদীর অনুমোদন সাপেক্ষে গাড়ীটি মেরামত বাবদ: ৪৮,৮০০/-(আটচল্লিশ হাজার আটশত) টাকা মাত্র ব্যয় করা হয়। ব্যয়কৃত বিল প্রদানের জন্য সভাপতি মহোদয় সভায় উপস্থাপন করেন।<br><br>৩। উপজেলা পরিষদের পুরাতন ইউটিডিসি ভবনের পুরাতন পানির পাম্প ক্রয় ও পানির পাইপ লাইন মেরামত বাবদ : ৩৩,০০০/-(তেত্রিশ হাজার) টাকা মাত্র খরচ করা হয়েছে। ব্যয়কৃত বিল উত্তোলনে সভায় উপস্থাপন করা হয়।<br><br>৪। উপজেলা নির্বাহী অফিসার সভায় বলেন যে, উপাজেলা পরিষদের বিভিন্ন অফিসে সম্প্রতি চুরির ঘটনা ঘটছে। উপজেলা চত্বরে নিরাপত্তা জোরদার করার লক্ষে বিভিন্ন অফিসের নৈশ্য প্রহরীগন যথাযথভাবে দায়িত্ব পালন করছে না মর্মে তথ্য পাওয়া গেছে। সংশ্লিষ্ট দপ্তর প্রধানগনকে বিষয়টি নজরে এনে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার অনুরোধ করেন।</td>
<td>০১. উপজেলা পরিষদের জীপ গাড়ী নং নরসিংদী ঘ-১১-০০14 এর এপ্রিল/২২ মাসের জ্বালানী বিল অনুমোদন দেয়া হয়।<br>০২. উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা মোতাবেক জীপ গাড়ী মেরামত বিল প্রদান সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩। পানির পাম্প মেরামত বাবদ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ২৫,০০০/- টাকা মাত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td></td>
</tr>
</table>

<table>
<tr>
<td></td>
<td></td>
<td>৫। উপজেলা পরিষদ চেয়ারম্যান অফিসের নিরাপত্তার স্বার্থে অফিসকক্ষ ও চত্বরে সিসি ক্যামেরা স্থাপনের জন্য নিম্নোক্ত প্রকল্প প্রস্তাব উপস্থাপন করা হয়।<br><br>
<table>
<tr><th>ক্র:নং</th><th>প্রকল্পের নাম</th><th>প্রাক্কলিত মূল্য</th></tr>
<tr><td>০১</td><td>উপজেলা পরিষদ চেয়ারম্যান অফিস ও অফিস চত্বরে সিসি ক্যামেরা স্থাপন</td><td>১,০০,০০০/-</td></tr>
</table>
<br>৬। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের ০২(দুই) টি কম্পিউটারের যন্ত্রাংশ ক্রয় ও মেরামত বাবদ অফিস সরঞ্জামাদি রক্ষনাবেক্ষন খাতের আওতায় বাবদ: ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা মাত্র ব্যয় করা হয়েছে। ব্যয়কৃত বিল উত্তোলনের জন্য সভায় উপস্থাপন করা হয়।<br><br>
৭। উপজেলা পরিষদরে পুরাতন ইউটিডিসি ভবনের প্রধান ট্যাংকির ময়লা পরিষ্কার বাবদ: ২৪,৪০০/-(চব্বিশ হাজার চারশত) টাকা মাত্র ব্যয় হয়। ব্যয়িত অর্থ পরিশোধের লক্ষ্যে সভায় প্রস্তাব উপস্থাপন করেন।</td>
<td>৫। উক্ত প্রকল্পটি প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>
৬। উপজেলা পরিষদের ফটোকপি মেশিন মেরামত বাবদ : ৫০,০০০/- টাকা মাত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>
৭। উপজেলা পরিষদরে পুরাতন ইউটিডিসি ভবনের প্রধান ট্যাংকির ময়লা পরিষ্কার বাবদ: ২৪,৪০০/- টাকা ব্যয় পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td></td>
</tr>
</table>

সভায় আর কোন আলোচনা না থাকায় যথাযথভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করার নির্দেশনা ও সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শেষ করেন।

মোহাম্মদ সমসের জামান ভূইয়া (রিটন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, বেলাবো, নরসিংদী

স্মারক নং: ০৫.৩০.৬৮০৭.০১১.২৩.০০১.২২-

তারিখ: ২৮-০৫-২০২৩

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলাপ্রশাসক, নরসিংদী।
৪। উপপরিচালক (উপসচিব), স্থানীয় সরকার, নরসিংদী।
৫| চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বেলাবো, নরসিংদী।|
৬| ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বেলাবো, নরসিংদী।
৭| উপজেলা.....................................................কর্মকর্তা, বেলাবো, নরসিংদী।
৮| চেয়ারম্যান (সকল),..........................ইউনিয়ন পরিষদ, বেলাবো, নরসিংদী।
৯। অফিস কপি।

২৮/০৫/২৩

(আয়শা জান্নাত তাহেরা)
উপজেলা নির্বাহী অফিসার
বেলাবো, নরসিংদী।